Bijni College Library
P.O. Bijni, Dist. Chirang
(B.T.A.D) Assam

**2018**

BENGALI

( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'অ', 'আ', 'ই', 'ঈ'-এর মধ্যে সংবৃত স্বরধ্বনি কোনটি?

(খ) 'খ', 'ড', 'ড়', 'র'-এর মধ্যে তাড়িত ব্যঞ্জন কোনটি?

(গ) মধ্য ধ্বনি লোপের একটি উদাহরণ দাও।

(ঘ) বাক্য > বাক্ক > বাইক্ক—এখানে ধ্বনি-পরিবর্তনের কোন্ সূত্রটি অনুসৃত হয়েছে?

(ঙ) ফরাসি ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে গৃহীত যে কোনো একটি শব্দের উল্লেখ করো।

(চ) তানপ্রধান ছন্দের রীতি অনুসারে 'উজ্জ্বল' শব্দটির মাত্রা কত?

(ছ) বাংলা ছন্দের আলোচনায় 'অক্ষর' (syllable) কয় প্রকার ?

(জ) বাংলা ছন্দে পূর্ণ পর্বের সবচাইতে হ্রস্ব পর্বটি কত মাত্রার হয় ?

(ঝ) বাংলায় 'অনুপ্রাস' অলংকার কয় প্রকার ?

(ঞ) ''ভারত ভারতখ্যাত আপনার গুণে।''—কোন্ অলংকারের উদাহরণ ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বাংলায় বর্ণ বিপর্যয়ের দুটি উদাহরণ দাও।

(খ) যে কোনো দুটি বাংলা উপভাষার নাম লেখো।

(গ) নিম্নলিখিত ধ্বনি-পরিবর্তনের সূত্র উল্লেখ করো :

(১) স্পর্ধা > আস্পর্ধা

(২) পুথি > পুঁথি

(ঘ) ধীর ও বিলম্বিত লয়ের ছন্দ দুটি কী কী ?

(ঙ) উদাহরণসহ 'রূপক' অলংকারের সংজ্ঞা লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) উদাহরণসহ 'অপিনিহিতি' এবং 'অভিশ্রুতি'র সংজ্ঞা নির্দেশ করে তাদের পারস্পরিক সম্পর্কটি নির্দিষ্ট করো।

(খ) টীকা লেখো (যে কোনো দুটি) :

সমধ্বনি শব্দ ; সমাক্ষর লোপ ; স্বরভক্তি ; অন্ত্য স্বরাগম।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

চলচপলার চকিত চমকে
করিছ চরণ বিচরণ।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

"দেখ সখে উৎপলাক্ষী সরোবরে নিজ অক্ষি-
প্রতিবিম্ব করি দরশন,
জলে কুবলয়ভ্রমে বার বার পরিশ্রমে
ধরিবারে করিছে যতন!"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে।
দেখে যেন মনে হয় চিনি উহারে
ভরা পালে চলে যায় কোনো দিকে নাহি চায়
ঢেউগুলি নিরুপায় ভাঙে দুধারে॥

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুশিয়ার!"

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) শব্দার্থ পরিবর্তনের ত্রিধারা বলতে কি বোঝ? বাংলা ভাষা থেকে উদাহরণ নিয়ে এই ত্রিধারা সম্বন্ধে আলোচনা করো।

(খ) মধ্য বাংলার বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(গ) সাধুভাষা ও চলিতভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(ঘ) সমীভবন কাকে বলা হয়? সমীভবন কয় প্রকার ও কী কী? উদাহরণসহ প্রতিটি প্রকারভেদের সংজ্ঞা নিরূপণ করো।

৫। (ক) গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার কাকে বলা হয়? তোমার পাঠক্রমের অন্তর্গত দুই প্রকার গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো **দুই** জোড়া অলংকারের মধ্যে পার্থক্য নির্দেশ করো :

(১) বৃত্ত্যনুপ্রাস ও অন্ত্যানুপ্রাস

(২) উৎপ্রেক্ষা ও সন্দেহ

(৩) সমাসোক্তি ও অতিশয়োক্তি

৬। (ক) উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাংলা ছন্দের আলোচনায় 'ছেদ' কাকে বলা হয়? এই 'ছেদ' কত প্রকার ও কী কী? 'ছেদ' ও 'যতি'র সম্পর্ক ও পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

★ ★ ★